## অধ্যায়-দুই

বাংলাদেশের সংস্কৃতি ও সাংস্কৃতিক বৈচিত্র্য

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন- ১ ▸▸**

বাংলা প্রথম মাসের প্রথম দিন। ফরিবা, রাইসা, রবপন্তি, প্রিয়তী সকলে মিলে ঠিক করে তারা রমনার বটমূলে যাবে। সকলে লাল–সাদা রঙের শাড়ি পরবে। সেখানে মেলায় গান ও কবিতা শুনবে। প্রতি বছরই এখানে অনেক মানুষের সমাগম হয়। তারা মুখোশ পরে, গায়, গান অনেকে আবার মুখে বিভিন্ন ছবি আঁকে। সারাদিন আনন্দ উচ্ছ্বাসে কাটায়।

ক. বাংলা প্রথম মাসের নাম কি?

খ. বাংলাদেশের কৃষি প্রধানত কীসের উপর নির্ভরশীল? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে বাংলার কোন মেলার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর।

ঘ.বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্য বিকাশে উদ্দীপকের বর্ণিত মেলার ভূমিকা মূল্যায়ন কর।

**ক** বাংলা প্রথম মাসের নাম বৈশাখ।

**খ** বাংলাদেশের কৃষিকাজ প্রধানত মাটি, মেঘ, রোদ, বৃষ্টি অর্থাৎ প্রকৃতির উপর নির্ভরশীল বাংলাদেশের মাটি খুবই উর্বর। এই উর্বর মাটিতে ভালো ফসল জন্মে। ফসল ও শস্য উৎপাদনের জন্য প্রচুর বৃষ্টির পানির প্রয়োজন হয়। আবার অনেক সময় অতিবৃষ্টি বা অনাবৃষ্টির কারণে ফসল নষ্ট হয়ে যায়। তাই বলা যায়, বাংলাদেশের কৃষি প্রধানত প্রকৃতির উপর নির্ভরশীল।

**গ** উদ্দীপকে বাংলার বৈশাখী মেলার কথা বলা হয়েছে। বৈশাখী মেলা বাংলা নববর্ষ উপলৰে হয়ে থাকে। নববর্ষকে উৎসবমুখর করে তুলতেই এ মেলার আয়োজন করা হয়। বৈশাখী মেলা এখন গ্রামীণ জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। এখন এ মেলা কেবল গ্রামেই নয়, শহরগুলোতেও অত্যন্ত জাঁকজমকভাবেই হয়ে থাকে। নববর্ষের প্রথম দিনে দেশের সর্বত্রই উৎসবের আমেজে ভরপুর থাকে। ছেলেরা বাংলার লোকজ ঐতিহ্যের ধারক যেমন– কুলা, তবলা, ডুগডুগি ইত্যাদির ছবি সংবলিত পাঞ্জাবি এবং মেয়েরা লাল-সাদা রঙের শাড়ি পরে দিনটিকে বরণ করে। শহরের মেলায় উৎসবের গান ও কবিতার আসর বসে। মেলায় আসা মানুষ মুখোশ পরে গান গায়, অনেকে আবার মুখে বিভিন্ন ছবি আঁকে। তেমনি উদ্দীপকে বাংলা নববর্ষের প্রথম দিনে ফারিবা, রাইসা, রবপন্তি ও প্রিয়তী লাল সাদা রঙের শাড়ি পরে রমনার বটমূলে যাবার সিদ্ধান্ত নেয়। সেখানে তারা গান ও কবিতা শুনবে। কারণ মেলা উপলৰে সেখানে প্রতিবছর অনেক নারী–পুরবষ আসে। তারা মুখোশ পরে গান গায়, মুখে বিভিন্ন ছবি আঁকে। তাদের এসব কার্যকলাপ থেকে এটা সহজেই বলা যায় যে, উদ্দীপকে বাংলার বৈশাখী মেলার প্রতি ইঙ্গিত করা হয়েছে।

**ঘ** বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্য বিকাশে উদ্দীপকের বর্ণিত মেলা তথা বৈশাখী মেলার অবদান অপরিসীম। বাংলাদেশে যত মেলা হয়ে থাকে তার মধ্যে উদ্দীপকে উলিরখিত বৈশাখী মেলাই সবচেয়ে বড় এবং উৎসবমুখর। বর্তমানে বৈশাখী মেলা একটি জাতীয় উৎসবে পরিণত হয়েছে। এ দিনটা সরকারি ছুটির দিন। বৈশাখী উৎসব উদ্‌যাপন করা হয় নানা রকম সাংস্কৃতিক কর্মকান্ড ও কর্মসূচির মধ্য দিয়ে। এদিন রমনার বটমূলে ছায়ানটের সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে শুরব হয় বৈশাখী সাংস্কৃতিক অনুষ্ঠানের। এছাড়াও শিশু একাডেমি, শিল্পকলা একাডেমি, উদীচীসহ বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে থাকে। সারাদেশে শহরে ও গ্রামগুলোতে বৈশাখী মেলা বসে। মেলাতে বাংলা সংস্কৃতি ও কৃষ্টির এক অপূর্ব সমাবেশ ঘটে। প্রায় সব মেলাতেই যাত্রা, থিয়েটার, পাঁচালি, কবিগান, কীর্তন, বাউল গানের আয়োজন থাকে। অনেক মেলাতে নাগরদোলা, ম্যাজিক, লাঠিখেলা, কুস্তি, পুতুল নাচ, বায়োস্কোপ ইত্যাদি থাকে। এগুলো সবই বাংলা সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। মেলাতে কুটিরশিল্প, হস্তশিল্প ও মৃৎশিল্পের নানা জিনিস বেচাকেনা হয়। বৈশাখী মেলা হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রিস্টান সকল ধর্মের ও বর্ণের সম্মিলিত জাতীয় উৎসব। পহেলা বৈশাখে হালখাতাও বাংলা সংস্কৃতির একটি অতি পুরাতন প্রথা। প্রকৃতপৰে বৈশাখী মেলা বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্য বিকাশে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে।

**প্রশ্ন- ২ ▸▸**

শান্তা ময়মনসিংহ অঞ্চলের একটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর পরিবারের সন্তান। অন্তরা শান্তার সাথে ময়মনসিংহ তার বাড়িতে বেড়াতে যায়। সে দেখলো শান্তার বাবা শান্তার মায়ের বাড়িতে বসবাস করে। শান্তা অন্তরাকে জানালো যে সে পরিবারের ছোট কন্যা হওয়াতে বিয়ের পরও এ বাড়িতে থাকবে এবং সমুদয় সম্পত্তির মালিক হবে। শান্তারা এক সময় গাছপালা, সমুদ্র, পাহাড় ইত্যাদির পূজা করতো। এখন তারা টিভি দেখে। তাদের এলাকার রাস্তাঘাটের উন্নতি হয়েছে। তাদের ক্ষুদ্র নৃগোষ্ঠীর মানুষেরা এখন ব্যাপকভাবে লেখাপড়া শিখছে ফলে তাদের খাওয়া–দাওয়া পোশাক–পরিচ্ছদ ইত্যাদিরও পরিবর্তন এসেছে।

ক. 'গোপী নাচ' কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর উৎসব?

খ. 'বৈসাবি' বলতে কী বোঝায়?

গ. শান্তা কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর।

ঘ."শান্তার মতো অন্যান্য ক্ষুদ্র নৃগোষ্ঠীর মানুষের জীবনযাত্রায় পরিবর্তন এসেছে"– বক্তব্যটি বিশেরষণ কর।

**ক** 'গোপী নাচ' ক্ষুদ্র নৃগোষ্ঠী মণিপুরিদের উৎসব।

**খ** বাংলাদেশের প্রায় সকল নৃগোষ্ঠীর মানুষ নাচ–গানের মধ্য দিয়ে আনন্দ–উৎসব পালন করে থাকে। পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র নৃগোষ্ঠীর বৈশাখ সাংগ্রাই ও বিজু এ তিনটিকে সমন্বয় করে বর্তমানে সবাই একত্রে পালন করে 'বৈসাবি।'

**গ** শান্তা গারো ক্ষুদ্র নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত। গারোদের সমাজ মাতৃসূত্রীয়। তাদের সমাজে মাতা হলেন পরিবারের প্রধান। সন্তানেরা মায়ের উপাধি ধারণ করে। পরিবারের সর্বকনিষ্ঠ কন্যা পরিবারে সমুদয় সম্পত্তির উত্তরাধিকার লাভ করে। গারো পরিবারের পিতা সংসার ব্যবস্থাপনার দায়িত্বে থাকে এবং বিয়ের পর স্ত্রীর বাড়িতে বসবাস করে। গারো সমাজের মূলে রয়েছে মাহারি বা মাতৃগোত্র পরিচয়। তাই মেয়েরা বিয়ের পর নিজের বাড়িতে বসবাস করে। উদ্দীপকেও দেখা যায়, শান্তার বাবা তার মায়ের বাড়িতে বসবাস করে এবং তাদের সমাজে ছোট মেয়েদের বিয়ের পর তাদের কর্তৃত্ব ও পরিচয়ে পরিবার পরিচালিত হয়।

**ঘ** শান্তাদের নৃগোষ্ঠীর মতো অন্যান্য ক্ষুদ্র নৃগোষ্ঠীর মানুষের জীবনযাত্রায় পরিবর্তন এসেছে। উদ্দীপকে শান্তার পরিবার এক সময় গাছপালা, সমুদ্র, পাহাড় ইত্যাদির পূজা করত। বর্তমানে তারা টিভি দেখে, তাদের এলাকার রাস্তাঘাটের অনেক উন্নতি হয়েছে। শান্তারা গারো নৃগোষ্ঠীর অন্তর্গত। তাদের মতো অন্যান্য নৃগোষ্ঠীর লোকেরাও তাদের জীবনযাত্রার পরিবর্তন ঘটাচ্ছে। পূর্বে কৃষিতে তারা জুমচাষ পদ্ধতি ব্যবহার করত বর্তমানে আধুনিক কৃষি পদ্ধতি ব্যবহার করছে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর লোকেরা তাদের নিজস্ব উৎসব পালন করত। বর্তমানে তারা টিভি দেখে বিভিন্ন সংস্কৃতির সাথে পরিচিত হয়। বাংলাদেশে ক্ষুদ্র নৃগোষ্ঠীরা যেখানে বসবাস করে সাধারণত পাহাড়ি অঞ্চলে রাস্তাঘাটের ব্যাপক উন্নতি হয়েছে। শিৰা কার্যক্রমে ক্ষুদ্র নৃগোষ্ঠীদের সম্পৃক্ততা বাড়ছে। তারা তাদের ঐতিহ্যবাহী খাওয়া–দাওয়া ও পোশাক–পরিচ্ছদ ক্রমান্বয়ে পরিবর্তন করার মাধ্যমে তাদের জীবনযাত্রায় উন্নতি ঘটাচ্ছে। উপরিউক্ত আলোচনার পরিপ্রেৰিতে বলা যায়, শান্তাদের মতো অন্যান্য ক্ষুদ্র নৃগোষ্ঠীরাও তাদের জীবনযাত্রায় ব্যাপক পরিবর্তন আনতে সৰম হয়েছে।

**প্রশ্ন– ১ ▸▸**

আজ ঈদের দিন। মাইকেল, পাভেল বড়ুয়া ও সুমন পাল মেহেদীদের বাড়িতে বেড়াতে যায়। মেহেদীর আম্মু তাদেরকে সেমাই খেতে দেন। দীর্ঘদিনের বন্ধুত্ব তাদের। এ সময়ে ঝগড়াতো দূরের কথা, কেউ কাউকে না দেখলে একটা দিনও থাকতে পারেনি। তারা সবাই একটি উৎসবে যোগদান করে আনন্দে মেতে ওঠে।

ক. মানুষের ব্যক্তি ও সমাজজীবনে কোনটি বড় ভূমিকা পালন করে? ১

খ. বাঙালি সংস্কৃতির বৈচিত্র্যতা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন বিষয়ের ভাব ফুটিয়ে তোলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর মাইকেল, পাভেল, সুমন ও মেহেদী ধর্মীয়ভাবে একে অপর থেকে আলাদা হলেও তাদের মূল্যবোধ একই? তোমার উত্তরের স্বপৰে যুক্তি দাও। ৪

**ক** ধর্ম মানুষের ব্যক্তি ও সমাজজীবনে বড় ভূমিকা পালন করে।

**খ** নানা ভাষাজাতির আগমনে বাঙালি সংস্কৃতিতে বৈচিত্র্যতা দেখা যায়। তবে পলির ও কৃষিপ্রধান এই দেশে গ্রামীণ জীবনের সংস্কৃতির প্রভাবই বেশি। আবার নদীর খেয়ালি আচরণ এবং প্রকৃতির ঋতুবৈচিত্র্য বাঙালি সংস্কৃতিকে বিচিত্রভাবে সমৃদ্ধ করেছে।

**গ** উদ্দীপকে বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্যে ধর্মের ভূমিকা ফুটিয়ে তোলা হয়েছে। ধর্ম মানুষের জীবনে সবচেয়ে বেশি ভূমিকা পালন করে। উদ্দীপকে দেখা যায়, ঈদের দিন মেহেদীদের বাড়িতে মেহেদীর বন্ধুরা ভিন্ন ধর্মের হওয়া সত্ত্বেও বেড়াতে যায়। তারা ঈদ উৎসবে অংশগ্রহণ করে। বস্তুত এখানে বিভিন্ন ধর্মের অনুসারীর সম্মেলন লৰ করা যাচ্ছে। ধর্ম এদেশের সংস্কৃতিতে বিশাল ভূমিকা পালন করছে। কৃষিভিত্তিক সমাজের ধারাবাহিকতায় এদেশে হিন্দু–মুসলিম এবং অন্যান্য ধর্মাবলম্বীরা পাশাপাশি শান্তিতে বসবাস করছে। হিন্দু, মুসলমান, খ্রিস্টান ও বৌদ্ধ যাই হোক না কেন সবাই সবার অনুষ্ঠানে যোগ দিয়ে পরস্পর মিলেমিশে এদেশের সংস্কৃতিকে পালন করছে। যার চিত্র উদ্দীপকে তুলে ধরা হয়েছে।

**ঘ** হ্যাঁ, আমি মনে করি মাইকেল, পাভেল, সুমন ও মেহেদী ধর্মীয়ভাবে একে অপর থেকে আলাদা হলেও তাদের মূল্যবোধ একই। বস্তুত ধর্মীয় শিৰা থেকেই মাইকেল, পাভেল, সুমন ও মেহেদীরা পরস্পরের প্রতি সহমর্মিতা, সহনশীলতা প্রকাশ করেছে। ধর্ম আলাদা হলেও তাদের শিৰা এক। বাংলাদেশে প্রধানত চারটি ধর্মের লোকবাস করে। যে যার যার ধর্মীয় উৎসব পালন করে। তবে অনুষ্ঠান কিংবা উৎসবে সবাই সবাইকে নিমন্ত্রণ করে। সবাই এক সাথে মিলেমিশে উৎসব পালন করে। বাহ্যিক দৃষ্টিকোণ থেকে এসব মানুষের মধ্যে পার্থক্য পরিলৰিত হয় ঠিকই কিন্তু মানবিক মূল্যবোধের দিক থেকে এসব মানুষ এক। সব ধর্মের মূলশিৰা এটাই। বাংলার মানুষ ধর্মীয় এ শিৰাকেই লালন করছে যুগ যুগ ধরে। আর এ কারণেই আমি মনে করি মাইকেল, পাভেল, সুমন ও মেহেদী ভিন্ন ভিন্ন ধর্মের হলেও তাদের মূল্যবোধ একই।

**প্রশ্ন– ২ ▸▸**

চিত্র–১ চিত্র–২

ক. গ্রামীণ জীবন প্রধানত কীসের সাথে জড়িত? ১

খ. গ্রামীণ সংস্কৃতি বলতে কী বোঝায়? ২

গ. চিত্র–১ ও চিত্র–২ এ বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্যের কোন দিকটি তুলে ধরা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.তুমি কি মনে কর বাংলাদেশের সংস্কৃতি সম্পর্কে ধারণা পেতে উদ্দীপকের চিত্র দুটিই যথেষ্ট? যুক্তিপূর্ণ মতামত দাও। ৪

**ক** গ্রামীণ জীবন প্রধানত কৃষির সাথে জড়িত।

**খ** মানুষ যা করে, যা বলে এমন সকল কিছুই তার সংস্কৃতি। গ্রামের মানুষ নানা ধরনের পেশার সাথে যুক্ত থাকে। আর এভাবে সে যে আচরণ করে, যা সৃষ্টি করে বা যে ভূমিকা রাখে তার একত্রিত রূ প হচ্ছে গ্রামীণ সংস্কৃতি।

**গ** চিত্র–১ ও চিত্র–২ এ বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্যের ধর্মের দিকটি তুলে ধরা হয়েছে। ধর্ম মানুষের ব্যক্তি ও সমাজজীবনে বড় ভূমিকা পালন করে। চিত্র–১ মুসলিম সংস্কৃতি তুলে ধরা হয়েছে। কালে কালে এদেশে বিশাল এক মুসলিম সম্প্রদায় তৈরি হয়েছে। মুসলমানদের রয়েছে নিজস্ব সংস্কৃতি। তাঁদের রয়েছে দুটি ঈদ উৎসব যেমন: ঈদুল ফিতর ও ঈদুল আযহা। চিত্র–২ এ হিন্দু সংস্কৃতি তুলে ধরা হয়েছে। হিন্দুধর্মের মানুষ নানা পূজা উৎসব উদযাপন করে। যেমন : দুর্গাপূজা, লক্ষ্মীপূজা, কালীপূজা প্রভৃতি। প্রাচীন কৃষিভিত্তিক গ্রামীণ সমাজের ধারাবাহিকতায় হিন্দু–মুসলিম এদেশে পাশাপাশি শান্তিতে বসবাস করে আসছে। সুতরাং বলা যায় যে, চিত্র দুইটি বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্যে ধর্মের ভূমিকাকে তুলে ধরা হয়েছে।

**ঘ** না, আমি মনে করি বাংলাদেশের সংস্কৃতি সম্পর্কে ধারণা পেতে উদ্দীপকের চিত্র দুটি যথেষ্ট নয়। কারণবাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্য সম্পর্কে ধারণা পেতে হলে এদেশের বসবাসকারী মানুষের ভাষা, পোশাক–পরিচ্ছদ, খাদ্যাভ্যাস, আচার–অনুষ্ঠান প্রভৃতি সম্পর্কে জানতে হবে। বাংলাদেশের অধিকাংশ মানুষ বাঙালি। তারা বাংলা ভাষায় কথা বলে। এর বাইরেও বাংলাদেশের কিছু সংখ্যক অধিবাসী আছে যাদের ভাষা বাংলা নয়।ক্ষুদ্র নৃগোষ্ঠীর মানুষ এই শ্রেণির অন্তর্ভুক্ত। এছাড়া এদেশে বসবাসকারী সম্প্রদায়সমূহের প্রত্যেকের মধ্যে খাওয়া দাওয়া, পেশাক–পরিচ্ছদ, বিয়ের অনুষ্ঠান ও নিয়মকানুন পালনে রয়েছে ভিন্নতা। বাংলাদেশের বিভিন্ন ধর্ম–সম্প্রদায়ের মানুষ যার যার সংস্কৃতির আলাদা পরিচয় ধরে রাখতে পারে না। বিভিন্ন ধর্ম–সম্প্রদায়ের মানুষের মধ্যে সাংস্কৃতিক মিশ্রণ ঘটতে থাকে। এই মিশ্রণ ঘটে ভাষা, খাবার–দাবার, পোশাক–পরিচ্ছদ, নানা উৎসব অনুষ্ঠান এমনকি ধর্ম পালনেও। সুতরাং বলা যায় যে, বাংলাদেশের সংস্কৃতি সম্পর্কে ধারণা পেতে ধর্ম যথেষ্ট নয়; বরং সংস্কৃতির অন্যান্য উপাদানগুলো সম্পর্কে জানতে হবে।

**প্রশ্ন– ৩ ▸▸**

**ঘটনা–১ :** নীলাদ্রি ও তার বন্ধুরা রাঙামাটি বেড়াতে গিয়ে দেখল, সেখানে একটি নৃগোষ্ঠী বিশেষ একটি ভাষায় কথা বলছে।

**ঘটনা–২ :** কবির পাঠ্যবই পড়ে জানতে পারে বাংলাদেশে বসবাসরত সম্প্রদায়সমূহের প্রত্যেকের খাওয়া–দাওয়া, পোশাক পরিচ্ছদ ও নিয়মকানুন পালনে রয়েছে ভিন্নতা। সে আরও জানতে পারে পাশাপাশি চলতে গিয়ে এক সংস্কৃতি আরেক সংস্কৃতিকে প্রভাবিত করে।

ক. মুসলমানদের প্রধান ধর্মীয় উৎসব কী? ১

খ. হিন্দুধর্মের মানুষ কী কী উৎসব পালন করে? ২

গ. ঘটনা–১ এ বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্যের কোন দিকটি নির্দেশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.ঘটনা–২ এর স্বরূ প মূলপাঠের আলোকে বিশেরষণ কর। ৪

**ক** মুসলমানদের প্রধান ধর্মীয় উৎসব হলো ঈদুল ফিতর ও ঈদুল আযহা।

**খ** হিন্দুধর্মের মানুষ নানা দেবদেবীর পূজা করার মাধ্যমে উৎসব উদযাপন করে থাকে। যেমন : দুর্গাপূজা, লক্ষ্মীপূজা, কালীপূজা, সরস্বতী পূজা, দোল পূর্ণিমা, রাস ও রথযাত্রা উৎসব ইত্যাদি। পূজা ছাড়া আরো অনেক ধর্মীয় আচার– অনুষ্ঠান থাকে হিন্দু সমাজে।

**গ** ঘটনা–১ এ বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্যের ভাষার দিকটি নির্দেশিত হয়েছে। বাংলাদেশের অধিকাংশ মানুষ বাঙালি। তারা বাংলা ভাষায় কথা বলে। এর বাইরেও বাংলাদেশের কিছু সংখ্যক অধিবাসী আছে যাদের ভাষা বাংলা নয়। ক্ষুদ্র নৃগোষ্ঠীর মানুষ এই শ্রেণির অন্তর্ভুক্ত। যেমনটি উদ্দীপকের নীলাদ্রি ও তার বন্ধুরা রাঙামাটিতে স্বচৰে প্রত্যৰ করেছিল। বস্তুত বাংলাদেশের অন্যতম নৃগোষ্ঠী চাকমা, মারমা, গারো, খাসিয়া, মণিপুরি, সাঁওতালদের মতো অন্যান্য সব ক্ষুদ্র নৃগোষ্ঠীর মানুষদের ভিন্ন ভিন্ন ভাষা রয়েছে। এদেশের মানুষের প্রধান ভাষা বাংলা হলেও এই ভাষার মধ্যে দিনে দিনে অনেক ভাষার মিশ্রণ ঘটেছে। হাজার বছর ধরে নানা জাতির মানুষ এসেছে বাংলাদেশে। তাদের ভাষার প্রভাব পড়েছে বাংলা ভাষায়। তাই বাংলা ভাষায় খোঁজ করলে পাওয়া যায় অস্ট্রিক, আর্য দ্রাবিড়, আরবি, ফার্সি, সংস্কৃতিসহ অনেক ইউরোপীয় ভাষার মিশ্রণ।

**ঘ** ঘটনা–২ এ সম্প্রদায় বিচারে সাংস্কৃতিক বৈচিত্র্য এবং বিচিত্র সাংস্কৃতিক মিশ্রণ সম্পর্কে বলা হয়েছে। ধর্ম এবং ভাষার মতো সম্প্রদায়ের দিক থেকেও সাংস্কৃতিক বৈচিত্র্য দেখা যায় বাংলাদেশে। এদেশের ধর্ম সম্প্রদায়গুলো ধর্মীয় আচার অনুষ্ঠান ছাড়াও প্রত্যেকের আলাদা সামাজিক জীবন পদ্ধতি আছে। সামাজিক আচার অনুষ্ঠানে ও প্রথা পালনে এক এক সম্প্রদায়ের এক এক রীতি রয়েছে। সম্প্রদায় সমুহের প্রত্যেকের মধ্যে খাওয়া–দাওয়া, পোশাক–পরিচ্ছদ, বিয়ের অনুষ্ঠান ও নিয়মকানুন পালনে রয়েছে ভিন্নতা। এভাবে বিভিন্ন সম্প্রদায়ের মধ্য দিয়ে এদেশের নানান সাংস্কৃতিক বৈচিত্র্য লৰ করা যায়। বস্তুত এক সংস্কৃতিকে কোনো নির্দিষ্ট আরেক সংস্কৃতি প্রভাবিত করে। এই মিশ্রণ ঘটে ভাষা, খাবার–দাবার, পোশাক–পরিচ্ছদ, নানা উৎসব অনুষ্ঠান এমনকি ধর্ম পালনেও। এভাবে বাংলাদেশের সংস্কৃতিতেও নানা ধর্ম সম্প্রদায়ের সংস্কৃতির মিশ্রণ ঘটেছে; যা উদ্দীপকের কবির পাঠ্যবই পড়ে জানতে পারে। সুতরাং বলা যায় যে, বিভিন্ন সংস্কৃতির মিশ্রণের মধ্য দিয়ে বর্তমান বাংলাদেশে আমরা যে সংস্কৃতি প্রত্যৰ করি তাই বাংলাদেশের সংস্কৃতি।

**প্রশ্ন– ৪ ▸▸**

চাঁনমিয়া একজন কৃষক। তিনি ট্রাক্টর দিয়ে জমি চাষ করেন। শ্যালোমেশিন দিয়ে জমিতে সেচের ব্যবস্থা করেন। তার একমাত্র ছেলে মিন্টন স্কুলে পড়ে। স্কুলভ্যানে করে সে স্কুলে যায়। চাঁনমিয়া অটোরিকশা দিয়ে প্রতিদিন বাজারে যান।

ক. গ্রামীণ অর্থনীতির প্রধান উৎস কী? ১

খ. হালখাতা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বাংলাদেশের কোন সংস্কৃতি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.উক্ত সংস্কৃতির পরিবর্তনশীল রূ প বিশেরষণ কর। ৪

**ক** গ্রামীণ অর্থনীতির প্রধান উৎস কৃষি।

**খ** ব্যবসার মঙ্গল কামনার্থে নববর্ষের প্রথম দিন নতুন খাতায় হিসাব লিখে থাকে। এজন্য ব্যবসায়ীরা বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে থাকে। যা হালখাতা নামে পরিচিত।

**গ** উদ্দীপকে বাংলাদেশের গ্রামীণ সংস্কৃতির সামাজিক, অর্থনৈতিক ও জীবনভিত্তিক সংস্কৃতি ফুটে উঠেছে। বাংলাদেশের গ্রামীণ, সামাজিক ও অর্থনৈতিক জীবনভিত্তিক সংস্কৃতিতে দেখা যায় এখানকার মানুষের জীবন প্রধানত কৃষির সাথে জড়িত। পূর্বে লাঙল দিয়ে মানুষ জমি চাষ করত, আর সেচ ব্যবস্থা ছিল প্রকৃতিনির্ভর। কিন্তু বর্তমানে কলের লাঙল দিয়ে জমি চাষ করা হয়। আর পানি সেচের জন্য ব্যবহার করা হয় শ্যালো মেশিন; যেমনটি উদ্দীপকের কৃষক চাঁনমিয়ার ৰেত্রে দেখা যায়। বস্তুত শহুরে সংস্কৃতির কিছু প্রভাব বর্তমানে গ্রামীণ সংস্কৃতিতে লৰ করা যাচ্ছে। গ্রামের মানুষ এক সময় পায়ে হেঁটে চলাফেরা করত। ছেলেমেয়েরা পায়ে হেঁটে স্কুল যেত। কিন্তু বর্তমানে রাস্তাঘাটের উন্নতি হওয়ায় গ্রামের ছেলেমেয়েরা স্কুলভ্যানে করে স্কুলে আসা–যাওয়া করে। মানুষ রিকশা, ভ্যান, অটোরিকশায়, চলাফেরা করছে। এর মাধ্যমে মূলত বাংলাদেশের গ্রামীণ সমাজের সামাজিক, অর্থনৈতিক ও জীবনভিত্তিক সংস্কৃতিই প্রকাশ পায়।

**ঘ** উক্ত সংস্কৃতি অর্থাৎ গ্রামীণ সংস্কৃতি বর্তমানে শহুরে সংস্কৃতির প্রভাবে প্রভাবিত হচ্ছে। পূর্বে গ্রামীণ মানুষ কৃষিকাজ করেই জীবিকা নির্বাহ করত। কিন্তু বর্তমানে মানুষ নতুন নতুন অনেক পেশার সাথে যুক্ত হচ্ছে। পূর্বে কৃষিকাজে লাঙল আর শ্রমই ছিল প্রধান হাতিয়ার। কিন্তু বর্তমানে লাঙলের পরিবর্তে ট্রাক্টর, পানি সেচের জন্য শ্যালো মেশিন ব্যবহার হচ্ছে। এক সময় গ্রামের মানুষ সাধারণ পোশাক পরত। পুরবষরা লুঙ্গি, গেঞ্জি বা ফতুয়া পরত। মেয়েরা পরত সুতির শাড়ি। কিন্তু বর্তমানে শহুরে সংস্কৃতির প্রভাবে গ্রামের ছেলের লুঙ্গি, শার্টের পাশাপাশি প্যান্ট পরছে। মেয়েরা ফ্রক, সালোয়ার–কামিজ আর শাড়ি পরছে। গ্রামের মানুষ এখন পায়ে হাঁটার বদলে রিকশা, ভ্যান, মোটর গাড়িতে চলাফেরা করছে। গ্রামীণ ঘরবাড়িতেও এসেছে নানা পরিবর্তন। এখন গ্রামে বাঁশ, ছনের ঘরের বদলে টিনের ও ইটের দালন লৰ করা যায়। সুতরাং দেখা যাচ্ছে যে, শহুরে সংস্কৃতির সাথে তাল মিলিয়ে বাংলাদেশের গ্রামীণ সংস্কৃতিতেও উলেরখযোগ্য পরিবর্তন এসেছে।

**প্রশ্ন– ৫ ▸▸**

মিঠুন দে মাছের আড়তদার। তিনি তার আড়তে হালখাতার অনুষ্ঠান করেছেন। হালখাতা উপলৰে তিনি তার আড়তকে বিভিন্ন ধরনের রঙিন কাগজ দিয়ে সাজিয়েছেন। যাদের সাথে তার ব্যবসায়িক সম্পর্ক রয়েছে সবাইকে তিনি কার্ড দিয়েছেন। তার ছেলে–মেয়েরা সবাই এ নিয়ে নানা কাজে ব্যস্ত। মেহমানরা আসছে, তিনি তাদের আপ্যায়ন করছেন। অনুষ্ঠানে বাজছে নানা ধরনের গান।

ক. পালকি কোন সংস্কৃতির উপাদান? ১

খ. গ্রামীণ জীবনে সামাজিক বন্ধন বেশ অটুট” — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উলিরখিত অনুষ্ঠান কোন সংস্কৃতির নির্দেশক? ব্যাখ্যা কর।৩

ঘ.উক্ত সংস্কৃতির প্রধান প্রধান বৈশিষ্ট্যসমূহ আলোচনা কর। ৪

**ক** পালকি লোক সংস্কৃতির উপাদান।

**খ** শহরের সংস্কৃতি অনেক দিক থেকে গ্রামের চেয়ে কিছুটা পৃথক। গ্রামের সকল মানুষ একে অন্যের খবর রাখে। বিভিন্ন অনুষ্ঠানে তারা একত্রিত হয়। এ কারণে গ্রামীণ জীবনে সামাজিক বন্ধন বেশ অটুট। কিন্তু শহরে তা লৰ করা যায় না। তাই প্রশ্নোক্ত উক্তিটি যথার্থ।

**গ** উদ্দীপকে উলিরখিত অনুষ্ঠান গ্রামীণ সংস্কৃতির নির্দেশক। বস্তুত হালখাতা অনুষ্ঠান গ্রামীণ সংস্কৃতির আনন্দ উৎসব ও বিনোদনভিত্তিক অনুষ্ঠানের অংশ। বৈশাখী মেলা, নবান্ন উৎসবের মতো ব্যবসায়ীদের হালখাতাও একটি অনুষ্ঠান। এ অনুষ্ঠানে ব্যবসায়ীরা তাদের পুরানো বছরের সকল হিসাব–নিকাশ চুকিয়ে নতুন বছর শুরব করে। খাওয়া–দাওয়া ও নানা উৎসবের মধ্য দিয়ে তারা দিনটি উদযাপন করে; যেমনটি উদ্দীপকের মিঠুন দে’র মধ্যে দেখা যায়। বাঙালিরা যুগ যুগ ধরে নানা ধরনের আনন্দ উৎসবের আয়োজন করে আসছে। কোনো অনুষ্ঠান সব ধর্মের মানুষ মিলেমিশে উদযাপন করে আবার কোনোটি নির্দিষ্ট ধর্মের মানুষ পালন করে থাকে।

**ঘ** উদ্দীপকে গ্রামীণ সংস্কৃতির বিশেষ একটি দিক তুলে ধরা হয়েছে। গ্রামীণ সংস্কৃতি নানা বৈশিষ্ট্যে বৈশিষ্ট্যমন্ডিত। বাঙালি সংস্কৃতির প্রধান বৈশিষ্ট্য হচ্ছে বৈশাখী মেলা, নবান্ন উৎসব, ব্যবসায়ীদের হালখাতা উৎসব, নৌকাবাইচ, বিয়ে প্রভৃতি। এর অনুষ্ঠানে সব ধর্মের মানুষ অংশগ্রহণ করে এক সাথে উদযাপন করে থাকে। গ্রামে এক সময় বিনোদনের উলেরখযোগ্য বিষয় ছিল রাতভর যাত্রা, পালাগান, কবিগানের আসর। এসব অনুষ্ঠান এখন অল্প করে হলেও হচ্ছে। গ্রামের মুসলমানদের প্রধান ধর্মীয় উৎসব হচ্ছে ঈদুল ফিতর ও ঈদুল আযহা। এছাড়া শবেবরাত, শবেকদর, ঈদেমিলাদুন্নবী এবং ওয়াজ মাহফিলের আয়োজন করা হয়। হিন্দু সমাজের মানুষ নানা পূজার উৎসব উদযাপন করে থাকে। যেমন : দুর্গা, লক্ষ্মী, সরস্বতী, কালী প্রভৃতি। বৌদ্ধরা বৌদ্ধপূর্ণিমা এবং খ্রিষ্টানরা ক্রিসমাস ডে বেশ জাঁকজমকের সাথে উদযাপন করে।

**প্রশ্ন– ৬ ▸▸**

চিত্র–১

চিত্র–২

ক. কোন সমাজ থেকে লোক সংস্কৃতির যাত্রা শুরব হয়েছে? ১

খ. লোক সংস্কৃতি বলতে কী বোঝায়? ২

গ. চিত্র–১ শহুরে সংস্কৃতির কোন দিকটি তুলে ধরে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর চিত্র–১ ও চিত্র–২ শহুরে সংস্কৃতির একই ধরনের বৈশিষ্ট্যের প্রতিচ্ছবি? তোমার উত্তরের স্বপৰে যুক্তি দাও। ৪

**ক** গ্রামীণ কৃষিজীবী সমাজের মধ্য থেকে লোক সংস্কৃতির যাত্রা শুরব হয়েছে।

**খ** লোক সংস্কৃতি বলতে সাধারণ মানুষ ও তার সমাজের সংস্কৃতিকে বোঝায়। লোক সংস্কৃতির জন্ম সাধারণ মানুষের মুখে মুখে, তাদের চিন্তায় ও কর্মে। হাজার বছর ধরে এই সংস্কৃতি এক প্রজন্ম থেকে আরেক প্রজন্মে ছড়িয়ে পড়তে থাকে।

**গ** চিত্র–১ এ বাংলাদেশের শহুরে সংস্কৃতির আনন্দ উৎসব ও বিনোদনের দিকটি তুলে ধরা হয়েছে। শহুরে সংস্কৃতির এ দিকটির সাথে গ্রামীণ সংস্কৃতির ব্যাপক পার্থক্য রয়েছে। শহুরে আনন্দ উৎসব ও চিত্তবিনোদনের জন্য রয়েছে পার্ক, স্টেডিয়াম, সিনেমা হল, শিল্পকলা একাডেমি প্রভৃতি। শহরে বাস করা বিভিন্ন ধর্মের মানুষ গ্রামের মানুষের মতোই ধর্মীয় উৎসব পালন করে। এর বাইরে কোনো কোনো উৎসব শহরে ভিন্নভাবে পালিত হয়। পহেলা বৈশাখ, পহেলা ফাল্গুন বেশি জাঁকজমকের সাথে পালন করা হয়। একুশের বইমেলাও এখন উৎসবের মতো করে উদযাপিত হয়। টেলিভিশন সিনেমার পাশাপাশি মঞ্চনাটক দেখাও শহরের মানুষের একটি অন্যতম বিনোদন।

**ঘ** না, আমি মনে করি চিত্র–১ ও চিত্র–২ শহুরে সংস্কৃতির একই ধরনের বৈশিষ্ট্যের প্রতিচ্ছবি নয়। কেননা চিত্র–১ শহুরে সংস্কৃতির আনন্দ উৎসব ও বিনোদনের দিকটি তুলে ধরে। অন্যদিকে চিত্র–২ শহুরে সংস্কৃতির সামাজিক, অর্থনৈতিক ও জীবনভিত্তিক দিকটি তুলে ধরে। শহুরে সংস্কৃতিতে দেখা যায় একই দালানে থেকেও প্রতিবেশীদের সাথে তেমন যোগাযোগ থাকে না। শহরের শিশুরা যার যার বাড়িতে বা ফ্লাটে একা একা বড় হয়। মানুষ যার যার পেশা নিয়ে ব্যস্ত থাকে। চাকরি, শিৰকতা, ডাক্তারি, ব্যবসা, শিল্পপ্রতিষ্ঠান পরিচালনা ইত্যাদি শহরের মানুষের পেশা। শহরের মানুষ ভাত, মাছ, মাংস খেলেও খাবারে কিছুটা ভিন্নতা রয়েছে। তারা ফাস্টফুড জাতীয় খাবার বেশি খায়। পোশাক পরিচ্ছেদে শহরের মানুষের অনেক জৌলুস রয়েছে। দেশি–বিদেশি নানা ধরনের পোশাক পরে শহরের ছেলেমেয়ে পুরবষ ও মহিলারা। উপর্যুক্ত আলোচনার প্রেৰিতে বলা যায় যে, চিত্র–১ ও চিত্র–২ শহুরে সংস্কৃতির দুটি ভিন্ন ভিন্ন বৈশিষ্ট্যের প্রতিচ্ছবি।

**প্রশ্ন– ৭ ▸▸**

যুগ যুগ ধরে মানুষ সংস্কৃতিকে লালন করে আসছে। এই সংস্কৃতি এক প্রজন্ম থেকে আরেক প্রজন্মে ছড়িয়ে পড়তে থাকে। মানুষের মুখে মুখে বলা এই সংস্কৃতির অনেক কিছুই সময়ের সাথে একটু একটু করে পরিবর্তিত হয়েছে। গ্রামীণ কৃষিজীবী সমাজের মধ্য থেকে এর যাত্রা শুরব হয়।

ক. নাখাম কী? ১

খ. নাপ্পি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ইঙ্গিতবহ সংস্কৃতির উপাদানসমূহ বর্ণনা কর। ৩

ঘ.উক্ত সংস্কৃতিতে সৃষ্ট বিভিন্ন ধারাসমূহ আলোচনা কর। ৪

**ক** নাখাম হচ্ছে শুঁটকি মাছ।

**খ** পার্বত্য চট্টগ্রামের অধিকাংশ ক্ষুদ্র নৃগোষ্ঠীর কাছে নাপ্পি অতি প্রিয় একটি খাবার। নাপ্পি হচ্ছে এক প্রকারের ছোট মাছের বা চিংড়ি মাছের শুঁটকি শুড়ো।

**গ** উদ্দীপকে ইঙ্গিতবহ সংস্কৃতি হলো লোক সংস্কৃতি। আমাদের দেশে লোক সংস্কৃতির দুই ধরনের উপাদান লৰ করা যায়। যথা : বস্তুগত উপাদান এবং অবস্তুগত উপাদান। তাঁতশিল্প, শাখা বা শঙ্খশিল্প, কাঁসাশিল্প, মৃৎশিল্প, নকশিকাঁথা, বেতশিল্প, তাঁতশিল্পের চরকা, মাছধরার চাই, লাঙল, কাস্তে, নৌকা, পালকি ইত্যাদি । লোক সংস্কৃতির বস্তুগত উপাদান। এছাড়াও লোকসংস্কৃতির বস্তুগত উপাদানের মধ্যে রয়েছে লোকক্রীড়া, লোকতৈজসপত্র, লোকবাদ্য, লোকখাদ্য, লোক চিকিৎসা, লোক অলংকার ইত্যাদি। লোক সংস্কৃতির অবস্তুগত উপাদানের প্রধান বিষয়টিই যেন সাহিত্য। এসব সাহিত্যের লিখিত রূ প নেই। মানুষের মুখে মুখে তা ছড়িয়ে আছে। এ ধারার সাহিত্য লোকসাহিত্য নামেও পরিচিত। যেমন : লোককাহিনী বা কিসসা, লোকগীতি, লোকসঙ্গীত, প্রবাদ–প্রবচন, ডাকের কথা, খনার বচন, ছেলে ভুলানো ছড়া, ধাঁধা, লোকনাটক ইত্যাদি। এছাড়াও ‘লোক উৎসব, মন্ত্রতন্ত্র ইত্যাদি লোক সংস্কৃতির অবস্তুগত উপাদান।

**ঘ** উক্ত সংস্কৃতিতে অর্থাৎ লোক সংস্কৃতিতে নানাভাবে বিভিন্ন ধারার সৃষ্টি হয়েছে। লোকসমাজে ভুতের ভয়ের অস্তিত্ব অনেক পুরাতন। মানুষ অনেক ভুতের কথা কল্পনা করেছে। যেমন : মামদো ভুত, পেঁচাপেচি, শাকচুন্নি, পেত্নি ইত্যাদি। নিঃসন্তান হিন্দু মহিলারা সন্তান কামনায় শিবের মন্দিরে পূজা দেয় আর মুসলমান মহিলারা পিরের মাজারে মানত করে ও

সন্তান কামনা করে অনেক সময় গাছে সুতা বাঁধে। রোগ মুক্তির জন্য হিন্দুরা পুরোহিত এবং মুসলমানরা পির বা মৌলভি সাহেবদের কাছ থেকে তাবিজ বা মাদুলি নিয়ে গলায়, বাহুতে বা কোমরে বেধে রাখে। লোক সমাজে বিশ্বাস রয়েছে বাচ্চার ওপর অশুভ দৃষ্টি পড়লে ৰতি হতে পারে। অশুভ দৃষ্টি কাটানোর জন্য তাই বাচ্চার কপালের পাশে কাজলের টিপ পরানো হয়। আবার অনেক দিন খরা হলে অর্থাৎ বৃষ্টি না নামলে কৃষক খুব চিন্তায় পড়ে যায়। বৃষ্টি নামানোর জন্য গ্রামের মেয়েরা একটি অনুষ্ঠান করে। তারা কুলা নিয়ে বাড়ি বাড়ি যায়। মুখে বৃষ্টির গান গায় বা ছড়া কাটে। বাড়ির মেয়েরা কুলার ওপর পানি ঢেলে দেয়। তারা বিশ্বাস করে এভাবেই আকাশ থেকে বৃষ্টি নামবে। লোক সংস্কৃতিতে এসব ধারা যুগ যুগ ধরে প্রচলিত ছিল। বর্তমানে সভ্যতার অগ্রযাত্রায় এসব অনেকটাই অবিশ্বাস করা হয়।

**প্রশ্ন– ৮ ▸▸**

প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি আমাদের এই বাংলাদেশ। এদেশে বসবাসকারী বেশিরভাগ মানুষ বাঙালি। তবে এদেশে বেশ কয়েকটি ক্ষুদ্র নৃগোষ্ঠী বাস করে। তাদের আচার–আচরণ, পোশাক–পরিচ্ছদ, খাদ্যাভ্যাস, ধর্ম, অর্থাৎ তাদের সংস্কৃতি কোনো কোনো ৰেত্রে বাঙালি সংস্কৃতির চেয়ে আলাদা। একদিকে বাঙালি সংস্কৃতি অন্যদিকে পাহাড়ি নৃগোষ্ঠীর সংস্কৃতি আমাদের এই দেশকে বৈচিত্র্যতা দান করেছে।

ক. নববর্ষের উৎসবে রাখাইনরা কোনটি ধুমধামের সাথে পালন করে? ১

খ. গোপী নাচ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উলিৰখিত নৃগোষ্ঠীর সংস্কৃতির লোকবিশ্বাসের দিকটি বর্ণনা কর। ৩

ঘ. উক্ত নৃগোষ্ঠীর সংস্কৃতির পোশাক ও অলঙ্কারের দিকটি বৈচিত্র্যময়– মূল্যায়ন কর। ৪

**ক** নববর্ষের উৎসবে রাখাইনরা ধুমধামের সাথে জল উৎসব পালন করে।

**খ** বাংলাদেশের প্রায় সকল নৃগোষ্ঠীর মানুষ নাচ–গানের মধ্য দিয়ে আনন্দ উৎসব পালন করে থাকে। রাধাকৃষ্ণের উদ্দেশ্যে নাচ করা মণিপুরিদের সবচেয়ে প্রিয়। একে গোপী নাচ বলে।

**গ** উদ্দীপকে উলিৰখিত নৃগোষ্ঠী অর্থাৎ চাকমা, মারমা, রাখাইন, গারো, মণিপুরি ও সাঁওতালদের মধ্যে নানা ধরনের বিশ্বাস কাজ করে। যেমন : মণিপুরি ও অন্যান্য বৌদ্ধধর্ম অনুসারী নৃগোষ্ঠীর কাছে পূর্ণিমা ও অমাবশ্যার রাত বিশেষ তাৎপর্যপূর্ণ। পূর্ণিমার রাতে এসব নৃগোষ্ঠীর লোকেরা অনেক ধর্মীয় ও সাংস্কৃতিক উৎসব পালন করে। অনেক ধরনের সংস্কার তাদের মধ্যে প্রচলিত আছে। ওরাওঁরা বিশ্বাস করে যে, পৌষ মাসে গৃহনির্মাণ ও ছাউনি দেওয়া অকল্যাণকর। গারোদের বিশ্বাস এই যে, রাত্রে ঘর ঝাড়ু দিয়ে ময়লা বাইরে ফেলতে নেই। বর্মনরা মনে করে মাঘ মাসে মূলা খাওয়া উচিত নয়। এ ধরনের বিভিন্ন লোকবিশ্বাস আমাদের দেশের ক্ষুদ্র নৃগোষ্ঠী সমাজে প্রচলিত আছে।

**ঘ** উদ্দীপকে উলিৰখিত নৃগোষ্ঠীর অধিকাংশ মানুষ নিজেদের পোশাক নিজেরা তৈরি করে। চাকমা পুরৰষদের প্রধান পোশাক হলো লুঙ্গি ও শার্ট। মেয়েরা সাধারণত নিচের অংশে লাল ও কালো রঙের পোশাক পরে থাকে। এর নাম পিনোন। উপরের অংশে তারা এক ধরনের বরাউজ পরে। মারমা নারীদের পোশাককে বলে থামি। ওরাওঁরা ধুতি ও শার্ট পরে। অনেক সম্প্রদায়ের মানুষ নানা ধরনের অলঙ্কার পরে থাকে। চাকমা মেয়েরা বালা, নেকলেস ও কানের দুল পরে। সাঁওতাল ও ওরাওঁ মেয়েরা হাত, গলা, কান ও পায়ের আঙুলে পরে নানা ধরনের অলঙ্কার। অতি প্রাচীনকাল থেকে ওরাওঁ মহিলাদের ব্যবহৃত অলঙ্কার হচ্ছে কানখুলি, তিপার পাতা, নলোক, নাকচনা, হাসলি ইত্যাদি। গারো নারীদের ঐতিহ্যের পোশাক দকমান্দা, দকশাড়ি ইত্যাদির পাশাপাশি রয়েছে খকানিল, রিকমাচু, পোনতাসহ হরেক রকমের অলঙ্কার। সুতরাং দেখা যাচ্ছে যে, উদ্দীপকে উলিৰখিত নৃগোষ্ঠীর পোশাক ও অলঙ্কারের দিকটি বৈচিত্র্যময়।

**অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)**

**প্রশ্ন– ৯ ▸▸**

পৌষ মাসে মিতাদের স্কুলে পিঠামেলা অনুষ্ঠিত হয়। এজন্য সে হরেক রকম পিঠা তৈরি করে। তার বান্ধবীরাও নানারকম পিঠা তৈরি করে নিয়ে আসে। স্টলে এসব পিঠা প্রদর্শিত হয়। মেলায় আসা দর্শনার্থীরা বিভিন্ন স্টলের পিঠা দেখেন এবং কিনে খান।

ক. শুধুমাত্র পিঠা তৈরি ও খাওয়ার জন্য উৎসব পালন করে কারা? ১

খ. বাংলাদেশের ৰুদ্র জাতিসত্তা সম্পর্কে ধারণা দাও। ২

গ. উদ্দীপকে বাংলাদেশের কোন সংস্কৃতিকে নির্দেশ করা হয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. উক্ত সংস্কৃতির প্রধান বৈশিষ্ট্য আলোচনা কর। ৪

**ক** ওরাওঁ ক্ষুদ্র নৃগোষ্ঠী শুধুমাত্র পিঠা তৈরি ও খাওয়ার জন্য উৎসব পালন করে।

**খ** বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তার প্রধান একটি অংশ বাস করে এ দেশের দৰিণ–পূর্বাংশে রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলায়। এসব জেলায় বসবাসকারী জনগোষ্ঠী হলো : চাকমা, মারমা, ত্রিপুরা, ম্রো, তঞ্চঙ্গ্যা, বম, পাংখুয়া, চাক, খ্যাং, খুমি এবং লুসেই। রক্ত–বর্ণের বিচারে এরা মঙ্গোলীয় জনগোষ্ঠীর লোক। তাদের মুখমণ্ডল গোলাকার, নাক কম–বেশি চ্যাপ্টা, চুল খাড়া এবং কালো, গায়ের রং ঈষৎ হলদেটে।

***X-clusive* *লিংক* :** *প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** বাঙালির সাংস্কৃতিক অনুষ্ঠানের বর্ণনা কর ।

**ঘ** সাংস্কৃতিক অনুষ্ঠানের বৈশিষ্ট্য আলোচনা কর।

**প্রশ্ন– ১০ ▸▸**

আফসানার বাবা বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উচ্চপদস্থ কর্মকর্তা। বাবার চাকরির সুবাদে আফসানা বহু দেশ ভ্রমণের সুযোগ লাভ করেছে। একেক দেশের মানুষের বিশ্বাস, ধর্ম, পোশাক-পরিচ্ছদ, চালচলন ইত্যাদির ভিন্নতা আফসানাকে অবাক করে।

ক. দকমান্দা ও দকশাড়ি কোন নৃগোষ্ঠীর নারীদের ঐতিহ্যবাহী পোশাক? ১

খ. মাহারি কী? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে আফসানার নিজ দেশে সমাজজীবনে ধর্মের ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. যুগে যুগে এ দেশের মুসলমানদের অবস্থান উদ্দীপক ও পাঠ্যপুস্তক অনুসারে আলোচনা কর। ৪

**ক** গারো সম্প্রদায়ের নারীদের।

**খ** গারো সমাজের মূলে রয়েছে মাহারি বা মাতৃগোত্র পরিচয়। তাদের সামাজিক জীবনে বিশেষত বিয়ে, উত্তরাধিকার, সম্পত্তির ভোগদখল ইত্যাদিতে এই মাহারির গুরবত্ব অপরিসীম। মাতার বংশ ধরেই গারোদের চাৎচি (গোত্র) ও মাহারি (মাতৃগোত্র) নির্ণয় করা হয়। গারো সমাজে একই মাহারির পুরবষ ও মহিলার মধ্যে বিয়ে নিষিদ্ধ।

***X-clusive* লিংক :** *প্রয়োগ (গ) ও উচ্চতর দবতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** উদ্দীপকে আফসানার নিজ দেশে সমাজজীবনে ধর্মের ভূমিকা ব্যাখ্যা কর।

**ঘ** বাংলাদেশে মুসলিম সম্প্রদায়ের উত্থান বিশেরষণ কর।

## জ্ঞানমূলক ও অনুধাবনমূলক প্রশ্নে উত্তরঃ

### ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ কারা এদেশে ইসলাম ধর্ম প্রচার করে?**

**উত্তর :** সুফি সাধকরা এদেশে ইসলাম ধর্ম প্রচার করে।

**প্রশ্ন ॥ ২ ॥ মুসলমানদের প্রধান দুটি ধর্মীয় উৎসবের নাম কী?**

**উত্তর :** ঈদুল ফিতর ও ঈদুল আযহা।

**প্রশ্ন ॥ ৩ ॥ প্রাচীনকালে এদেশের অধিকাংশ মানুষ কীসের পূজা করত?**

**উত্তর :** প্রাচীনকালে এদেশের অধিকাংশ মানুষ প্রকৃতির পূজা করত।

**প্রশ্ন ॥ ৪ ॥ খ্রিষ্টানদের বড় উৎসবের নাম কী?**

**উত্তর :** খ্রিষ্টানদের বড় উৎসবের নাম বড় দিন।

**প্রশ্ন ॥ ৫ ॥ কোন ধর্মীয় অনুষ্ঠানে নৃত্যের স্থান রয়েছে?**

**উত্তর :** হিন্দু ধর্মীয় অনুষ্ঠানে নৃত্যের স্থান রয়েছে।

**প্রশ্ন ॥ ৬ ॥ বাংলাদেশের অধিকাংশ মানুষ কোন ভাষায় কথা বলে?**

**উত্তর :** বাংলাদেশের অধিকাংশ মানুষ বাংলা ভাষায় কথা বলে।

**প্রশ্ন ॥ ৭ ॥ বাংলাদেশে বিভিন্ন সংস্কৃতির সংমিশ্রণকে একত্রে কী বলে?**

**উত্তর :** বাংলাদেশে বিভিন্ন সংস্কৃতির সংমিশ্রণকে একত্রে বাংলাদেশের সংস্কৃতি বলে।

**প্রশ্ন ॥ ৮ ॥ প্রাচীনকালে বাংলাদেশের অর্থনীতির প্রধান উৎস ছিল কোনটি?**

**উত্তর :** প্রাচীনকালে বাংলাদেশের অর্থনীতির প্রধান উৎস ছিল কৃষিকাজ।

**প্রশ্ন ॥ ৯ ॥ বাংলাদেশের মানুষের প্রধান খাদ্য কী?**

**উত্তর :** বাংলাদেশের মানুষের প্রধান খাদ্য মাছ-ভাত।

**প্রশ্ন ॥ ১০ ॥ গ্রামীণ সমাজের মানুষের যাতায়াতের প্রধান ব্যবস্থা ছিল?**

**উত্তর :** গ্রামীণ সমাজের মানুষের যাতায়াতের প্রধান ব্যবস্থা ছিল গরবর গাড়ি ও নৌকা।

**প্রশ্ন ॥ ১১ ॥ বাংলাদেশের বেশিরভাগ মানুষ কোন ধর্মাবলম্বী?**

**উত্তর :** ইসলাম ধর্মাবলম্বী।

**প্রশ্ন ॥ ১২ ॥ রথযাত্রা উৎসব কারা পালন করে?**

**উত্তর :** হিন্দু সমাজের লোকেরা।

**প্রশ্ন ॥ ১৩ ॥ অটুট সামাজিক বন্ধন থাকে কোন সমাজে?**

**উত্তর :** অটুট সামাজিক বন্ধন থাকে গ্রামীণ সমাজে।

**প্রশ্ন ॥ ১৪ ॥ বড় বড় শিল্পকারখানা গড়ে উঠেছে কোথায়?**

**উত্তর :** বড় বড় শিল্পকারখানা গড়ে উঠেছে শহরাঞ্চলে।

**প্রশ্ন ॥ ১৫ ॥ শহরে জাঁকজমকের সাথে পালন করা হয় কোন উৎসব?**

**উত্তর :** শহরে জাঁকজমকের সাথে পালন করা হয় পহেলা বৈশাখ ও ফাল্গুন।

**প্রশ্ন ॥ ১৬ ॥ বাংলাদেশে লোক সংস্কৃতির যাত্রা শুরু হয়েছে কোথা হতে?**

**উত্তর :** বাংলাদেশে লোক সংস্কৃতির যাত্রা শুরব হয়েছে গ্রামীণ কৃষিজীবী সমাজ থেকে।

**প্রশ্ন ॥ ১৭ ॥ প্রবাদ-প্রবচন লোক সংস্কৃতির কোন ধরনের উপাদান?**

**উত্তর :** প্রবাদ-প্রবচন লোক সংস্কৃতির অবস্তুগত উপাদান।

**প্রশ্ন ॥ ১৮ ॥ খাসিয়া ও মণিপুরিরা বাংলাদেশের কোন অঞ্চলে বাস করে?**

**উত্তর :** খাসিয়া ও মণিপুরিরা বাংলাদেশের সিলেট অঞ্চলে বাস করে।

**প্রশ্ন ॥ ১৯ ॥ কীভাবে সংস্কৃতির প্রকাশ ঘটে?**

**উত্তর :** মানুষের জীবনযাপনের মধ্যে দিয়ে সংস্কৃতির প্রকাশ ঘটে।

**প্রশ্ন ॥ ২০ ॥ বাংলাদেশে কী কী নৌকার প্রচলন রয়েছে?**

**উত্তর :** বাংলাদেশে ডিঙি, ছিপ, গয়না, বজরা, ময়ূরপঙ্খী, সাম্পান ইত্যাদি নামের নৌকার প্রচলন রয়েছে।

**প্রশ্ন ॥ ২১ ॥ কোন ধরনের খাবারের দিকে বাঙালির ঝোঁক আছে?**

**উত্তর :** শাকসবজির দিকে বাঙালির ঝোঁক আছে।

**প্রশ্ন ॥ ২২ ॥ বাংলাদেশের কৃষি কীসের উপর সম্পূর্ণ নির্ভরশীল ছিল?**

**উত্তর :** প্রকৃতির উপর নির্ভরশীল ছিল।

**প্রশ্ন ॥ ২৩ ॥ প্রাচীনকালে বাঙালিদের কী কী পেশা ছিল?**

**উত্তর :** কৃষিকাজ, মাটির কাজ, মাছধরা আর তাঁত বোনা ছিল তাদের পেশা।

**প্রশ্ন ॥ ২৪ ॥ চাকমা নৃগোষ্ঠী কোন ধর্মের অনুসারী?**

**উত্তর :** বৌদ্ধ ধর্মের অনুসারী।

**প্রশ্ন ॥ ২৫ ॥ মণিপুরিদের সবচেয়ে প্রিয় নাচ কোনটি?**

**উত্তর :** গোপী নাচ।

**প্রশ্ন ॥ ২৬ ॥ জলকেলি উৎসব পালন করে কোন সম্প্রদায়ের মানুষেরা?**

**উত্তর :** মারমা ও রাখাইনরা।

**প্রশ্ন ॥ ২৭ ॥ খিয়াংরা নবজাতক সন্তান ছোঁয়ার আগে কী করে?**

**উত্তর :** আগুনে হাত গরম করে নেয়।

**প্রশ্ন ॥ ২৮ ॥ কোন সম্প্রদায়ের ছোট মেয়েরা সমুদয় সম্পত্তি লাভ করে?**

**উত্তর :** গারো ও খাসিয়া সম্প্রদায়ের মেয়েরা।

■ **অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর**

**প্রশ্ন ॥ ১ ॥ বাঙালির পেশা সম্পর্কে যা জান লেখ।**

**উত্তর :** বাংলাদেশের মাটি উর্বর বলে এখানকার অধিকাংশ মানুষ কৃষিকাজের সঙ্গে জড়িত। আর এদেশে প্রচুর নদীনালা, খালবিল থাকায় মাছ ধরা তাদের আরেক কাজ। কৃষি, মাটির কাজ, মাছধরা আর তাঁত বোনা বহুকাল ধরে এ চারটি ছিল বাঙালির প্রধান পেশা। ধীরে ধীরে সমাজের প্রয়োজনে কামার, চর্মকার ও কাঠের কারিগর, স্বর্ণকার প্রভৃতি পেশার প্রসার হতে থাকে।

**প্রশ্ন ॥ ২ ॥ বাংলাদেশের কৃষক, জেলে ও মাঝিমাল্লারা কী কী আচার-অনুষ্ঠানে জড়িয়ে থাকে?**

**উত্তর :** বাংলাদেশে কৃষক কৃষিকে কেন্দ্র করে নানারকম আচার-অনুষ্ঠান পালন করে। এর মধ্যে নতুন ধান ওঠার পরে হেমন্তকালে নবান্ন উৎসব হয়ে থাকে। শীতকাল জুড়ে নতুন চালের পিঠাপুলি খাওয়ার প্রচলন রয়েছে। অন্যদিকে জেলে ও মাঝিমালরারা নদী ও সমুদ্রপথে চলতে গিয়ে আবহমানকাল থেকে স্মরণ করে আসছে পীর বদরকে।

**প্রশ্ন ॥ ৩ ॥ বাংলার মানুষের প্রধান জীবিকা হিসেবে কৃষিকাজই কেন প্রাধান্য বিস্তার করে আসছে?**

**উত্তর :** বাংলাদেশের মাটি খুব উর্বর। এ উর্বর ভূমিতে সহজেই চাষাবাদ করে ফসল ফলান যেত। তাই কৃষিকাজই বাংলার মানুষের প্রধান জীবিকা ছিল।

**প্রশ্ন ॥ ৪ ॥ বাংলাদেশে বৌদ্ধ ও খ্রিষ্টান সম্প্রদায়ের মানুষ কী ধরনের অনুষ্ঠান আয়োজন করে?**

**উত্তর :** বাংলাদেশে বৌদ্ধ সম্প্রদায় ছোট। গৌতম বুদ্ধের জীবনকে ঘিরে বৈশাখী পূর্ণিমায় তারা উৎসবমুখর অনুষ্ঠানের আয়োজন করে থাকে। বৌদ্ধদের প্রধান ধর্মীয় উৎসব হলো বুদ্ধপূর্ণিমা। বাংলাদেশে খ্রিষ্টানদের প্রধান ধর্মীয় উৎসব যিশুখ্রিস্টের জন্মদিন।

**প্রশ্ন ॥ ৫ ॥ সমাজ পরিচালনায় ধর্মের ভূমিকা কতটুকু?**

**উত্তর :** সামাজিক ঐক্য ও মানুষের সাথে মানুষের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক সৃষ্টিতে ধর্ম বিশেষভাবে সহায়তা করে। ধর্মীয় বিভিন্ন আচার-অনুষ্ঠান, রীতিনীতি মানুষের সামাজিক সম্পর্ককে দৃঢ় করে তোলে। অতীতকাল থেকেই ধর্মের এ গুরবত্বপূর্ণ ভূমিকার জন্য ধর্ম মানুষের জীবনযাপনের অন্যতম অঙ্গে পরিণতি হয়েছে। ধর্ম মানুষকে দিয়েছে সামাজিক মূল্যবোধ, নিরাপত্তা ও পারস্পরিক সম্প্রীতি।

**প্রশ্ন ॥ ৬ ॥ গ্রামীণ মেলায় কোন ধরনের আয়োজন করা হয়? ব্যাখ্যা কর।**

**উত্তর :** গ্রামীণ মেলায় শুধু শৌখিন জিনিসপত্র বেচাকেনাই হয় না। এখানে যাত্রা, থিয়েটার, পাঁচালি, কবিগান, কীর্তন, বাউল গানের আয়োজন করা হয়। এছাড়াও অনেক মেলাতে নাগরদোলা, ম্যাজিক, লাঠিখেলা, কুস্তি, পুতুলনাচ, বায়োস্কোপ ইত্যাদিরও আয়োজন করা হয়।

**প্রশ্ন ॥ ৭ ॥ একুশে বইমেলার অবদান ব্যাখ্যা কর।**

**উত্তর :** একুশে ফেব্রবয়ারিকে কেন্দ্র করে বাংলা একাডেমি আয়োজন করে থাকে মাসব্যাপী বইমেলা। এ মেলাকে কেন্দ্র করেই মূলত বাংলাদেশের সৃজনশীল গ্রন্থ প্রকাশিত হয়ে থাকে। তাই বাঙালির জীবনে সাহিত্য সাধনায় একুশের বিশাল অবদান অস্বীকার করা যাবে না।

**প্রশ্ন ॥ ৮ ॥ বাঙালি সংস্কৃতিতে খাদ্যের প্রকৃতি ব্যাখ্যা কর।**

**উত্তর :** খাদ্য যে কোনো সংস্কৃতির অন্যতম একটি বিষয়। খাদ্যের দিক থেকেও বাঙালি সংস্কৃতি নিজস্ব বৈশিষ্ট্য বহন করছে। মাছ-ভাতই বাঙালি সংস্কৃতির প্রধান খাবার। পাশাপাশি শাক, সবজি, ডাল খাবারেও বাঙালি অভ্যস্ত। একটি ছড়ায় এমন আছে, ভাত আর ডাল খেতে খুব ভালো লাগে, লাল শাক পাতে তোলে দাও তার আগে।

## বহুনির্ব াচনি প্রশ্নোত্তর

■ **বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

➲ **পাঠ-১ : বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্যের ধারণা**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

১. **কোনটি মানুষের ব্যক্তি ও সমাজজীবনে বড় ভূমিকা পালন করে?** (জ্ঞান)
ক রাষ্ট্র ● ধর্ম গ সমাজ ঘ সংস্কৃতি

২. **এক সময় বাংলাদেশের অধিকাংশ মানুষ কীসের পূজারি ছিল?**
ক মূর্তি পূজারি খ বৃবপূজারি
গ চন্দ্র পূজারি ● প্রকৃতি পূজারি

৩. **প্রকৃতি পূজার পর এদেশে কোন ধর্ম প্রচারিত হতো?** (জ্ঞান)
ক হিন্দু ধর্ম ● ব্রাহ্মণ্য ধর্ম গ বৈষ্ণব ধর্ম ঘ বৌদ্ধ ধর্ম

৪. **আর্যদের ধর্মের নাম কী ছিল?** (জ্ঞান)
ক বৌদ্ধ ● হিন্দু গ ইসলাম ঘ খ্রিস্টান

৫. **আর্যরা কোন ভাষায় এদেশে নৈতিক মন্ত্র ও ধর্মগ্রন্থ প্রচার করেছে?**
ক হিন্দি খ মিশরীয় ● সংস্কৃত ঘ বাংলা

৬. **হিন্দু ধর্মীয় অনুষ্ঠানে কীসের স্থান রয়েছে?** (জ্ঞান)
ক শিল্পকলার খ সাহিত্যের গ কবিতার ● নৃত্যের

৭. **এদেশের নিম্নবর্ণের মানুষ ইসলামের সাম্যের বাণীতে কেন আকৃষ্ট হয়েছে?** (অনুধাবন)
ক অত্যাচার নির্যাতনের জন্য ● বর্ণপ্রথার কড়াকড়ির জন্য
গ ইসলামের মহত্ত্বের জন্য ঘ সাম্য ও সম্প্রীতির জন্য

৮. **কারা বাংলাদেশে প্রধানত ইসলাম প্রচার করে?** (জ্ঞান)
● সুফি-সাধকরা খ মুসলিম বিজেতারা
গ বণিকরা ঘ মুসলিম শাসকেরা

৯. **এদেশে মুসলিম সমাজের প্রসার ঘটেছে কোন যুগে?** (জ্ঞান)
● মধ্য খ আদিম গ আধুনিক ঘ প্রাচীন

১০. **কালে কালে এদেশে কোন সম্প্রদায় বিশাল হয়েছে?** (প্রয়োগ)
ক হিন্দু ● মুসলিম গ ব্রাহ্মণ ঘ খ্রিস্টান

১১. **মুসলমানদের প্রধান ধর্মীয় উৎসবের সংখ্যা কত?** (জ্ঞান)
ক এক ● দুই গ তিন ঘ চার

১২. **বাংলাদেশের অধিকাংশ লোকশিল্পে কোন সম্প্রদায়ের মানুষের অবদান বেশি?**
ক বৌদ্ধ-হিন্দু খ আর্য-অনার্য ● হিন্দু-মুসলিম ঘ আর্য- ব্রাহ্মণ্য

১৩. **নকশিকাঁথা কী?** (জ্ঞান)
● লোকশিল্প খ লোকগান গ লোকধারণা ঘ পলিরচিত্র

১৪. **বাউল গানকে কী বলা হয়?** (জ্ঞান)
ক বাউল সংগীত খ লোকশিল্প
গ পলিরগান ● লোকগান

১৫. **কীসের ভিত্তিতে হিন্দু ও মুসলমানের পার্থক্য নির্ণয় করা যায়?** (অনুধাবন)

ক শিক্ষার খ বংশের গ ভাষার ● ধর্মের

১৬. পার্থ বৈশাখী পূর্ণিমায় পরিবারের সবার সাথে অনেক আনন্দ করেছে। পার্থ কোন ধর্মের অন্তর্গত? (প্রয়োগ)

ক ইসলাম খ হিন্দু ● বৌদ্ধ ঘ খ্রিষ্টান

১৭. গৌতমবুদ্ধের জীবন ঘিরে কখন অনুষ্ঠান পালিত হয়? (জ্ঞান)

ক পূর্ণিমা তিথিতে খ হেমন্ত পূর্ণিমায়
● বৈশাখী পূর্ণিমায় ঘ ফাল্গুন পূর্ণিমায়

১৮. এদেশের সবচেয়ে ছোট ধর্মীয় গোষ্ঠী কোনটি? (অনুধাবন)

ক ইসলাম খ বৌদ্ধ গ হিন্দু ● খ্রিষ্টান

১৯. খ্রিষ্টানদের সবচেয়ে বড় ধর্মীয় অনুষ্ঠান কোনটি? (জ্ঞান)

● বড়দিন খ ইস্টার সানডে
গ বৈশাখী পূর্ণিমা ঘ দুর্গাপূজা

২০. কীসের ধারাবাহিকতায় এদেশে হিন্দু–মুসলিম পাশাপাশি বসবাস করছে? (জ্ঞান)

ক শিক্ষাভিত্তিক শহুরে সমাজের খ ধর্মভিত্তিক প্রাচীন সমাজের
● কৃষিভিত্তিক গ্রামীণ সমাজের ঘ শিল্পভিত্তিক আধুনিক সমাজের

২১. সব ধর্মের মূল শিক্ষা কী? (উচ্চতর দক্ষতা)

● মানবিক মূল্যবোধ খ রাজনৈতিক মূল্যবোধ
গ ধর্মীয় মূল্যবোধ ঘ সামাজিক মূল্যবোধ

২২. বাংলাদেশের অধিকাংশ মানুষ কোন ভাষায় কথা বলে? (জ্ঞান)

● বাংলা খ ইংরেজি গ উর্দু ঘ ফার্সি

২৩. বাংলাদেশে বসবাসরত কোন গোষ্ঠীর ভাষা বাংলা নয়? (জ্ঞান)

ক বাঙালি ● ক্ষুদ্র নৃগোষ্ঠীর
গ ইউরোপীয় ঘ ব্রাহ্মণ

২৪. বাংলাভাষা কোন ধরনের ভাষা? (অনুধাবন)

ক রৈখিক খ একক গ মৌলিক ● মিশ্র

২৫. বাংলাদেশে কীসের ভিত্তিতে সাংস্কৃতিক বৈচিত্র্য দেখা যায়? (জ্ঞান)

● সম্প্রদায়ের দিক থেকে খ প্রকৃতির দিক থেকে
গ নদীর দিক থেকে ঘ ভূমির দিক থেকে

২৬. কোনটিকে নিজস্ব গণ্ডিতে বেঁধে রাখা যায় না? (জ্ঞান)

ক ধর্মকে খ গানকে ● সংস্কৃতিকে ঘ প্রকৃতিকে

২৭. বাংলাদেশের সংস্কৃতি কেমন? (অনুধাবন)

ক একক খ নির্ভেজাল গ ভঙ্গুর ● মিশ্র

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৮. প্রকৃতি পূজারিরা পূজা করত– (অনুধাবন)

i. প্রকৃতির সব বড় শক্তিকে ii. প্রকৃতির জীবন্ত সব উপাদানকে
iii. প্রকৃতির উদারতাকে

নিচের কোনটি সঠিক?

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. মুসলিম সম্প্রদায়ের উত্থানের কারণ — (প্রয়োগ)

i. হিন্দু ধর্মের বর্ণপ্রথা ii. সুফিদের প্রচার
iii. অর্থের প্রভাব

নিচের কোনটি সঠিক?

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. যেসব দেশের ভাগ্যান্বেষী মানুষের মাধ্যমে এদেশে মুসলিম সমাজের প্রসার ঘটেছে — (অনুধাবন)

i. ইরান ও তুরান ii. আফগান
iii. মারাঠি ও তুঘলক

নিচের কোনটি সঠিক?

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩১. বাংলার মুসলমান ও আরবের মুসলমানদের মধ্যে পার্থক্য তৈরি হয়েছে — (অনুধাবন)

i. আবহাওয়ার কারণে ii. চেহারার কারণে
iii. ভাষাগত কারণে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩২. বাংলা ভাষায় মিশ্রণ ঘটেছে — (অনুধাবন)

i. আরবি ভাষার ii. ফার্সি ভাষার
iii. সংস্কৃত ভাষার

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৩৩. সম্প্রদায়সমূহের মধ্যে ভিন্নতা রয়েছে — (অনুধাবন)

i. বিয়ের অনুষ্ঠানে ii. পোশাক–পরিচ্ছদে
iii. বিয়ের অনুষ্ঠানে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও :**

হেনচিংশে সম্প্রদায় বাংলাদেশের প্রেক্ষাপটে ছোট হলেও তারা বৈশাখী পূর্ণিমায় উৎসবমুখর অনুষ্ঠানের আয়োজন করে। অবশ্য হেনচিংশের চেয়ে ছোট ধর্মীয় সম্প্রদায় বাংলাদেশে আছে।

[শেরপুর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়, সেন্ট জোসেফস মাধ্যমিক বিদ্যালয়, খুলনা]

৩৪. হেনচিংশের সম্প্রদায় কার জীবনকে ঘিরে বৈশাখী পূর্ণিমার আয়োজন করে? (প্রয়োগ)

ক গুরুনানক খ বাবা লোকনাথ ● গৌতম বুদ্ধ ঘ শ্রীকৃষ্ণ

৩৫. হেনচিংশিদের চেয়েও ছোট ধর্মীয় সম্প্রদায় কোনটি? (প্রয়োগ)

ক মুসলিম খ হিন্দু গ বৌদ্ধ ● খ্রিষ্টান

## ➲ পাঠ-২ ও ৩ : বাংলাদেশের গ্রাম ও শহরের সংস্কৃতি

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৬. বাংলাদেশকে এক সময় কী বলা হতো? (জ্ঞান)

ক ছোট গ্রাম ● বড় গ্রাম গ নিম্নগ্রাম ঘ উচ্চগ্রাম

৩৭. বাংলাদেশের অর্থনীতির প্রধান উৎস কী ছিল? (জ্ঞান)

● কৃষি খ শিল্প গ ব্যবসা ঘ বহির্বাণিজ্য

৩৮. কীসের প্রভাবে মানুষ বিভিন্ন শিল্পপ্রতিষ্ঠান গড়ে তোলে? (জ্ঞান)

ক আবহাওয়ার খ নদনদীর
● জনসংখ্যার ঘ পাহাড়–পর্বতের

৩৯. ঢাকা শহরে অনেক শিল্পপ্রতিষ্ঠান গড়ে উঠেছে। এর প্রভাবে শহরে কোনটি ঘটে? (প্রয়োগ)

ⓚ জনসংখ্যা কমে ● জনসংখ্যা বাড়ে
ⓖ উৎপাদন কমে ⓖh দ্রব্যমূল্য হ্রাস পায়

৪০. কোনটিকে কেন্দ্র করে ব্যবসা-বাণিজ্য শুরু হয়? (জ্ঞান)
ⓚ গ্রাম ⓚh নদী ⓖ গাছপালা ● শহর

৪১. মানুষ কীসের সুবাদে গ্রাম থেকে শহরে আসে? (জ্ঞান)
ⓚ খেলাধুলার ⓚh মাছ ধরার ⓖ ফসল ফলানোর ● চাকরির

৪২. গ্রামের মানুষ বিভিন্ন ধরনের পেশায় যুক্ত। তাদের পেশা ও আচার-আচরণের সমন্বিত রূপকে কী বলে? (প্রয়োগ)
ⓚ শহুরে সংস্কৃতি ⓚh আকাশ সংস্কৃতি
● গ্রামীণ সংস্কৃতি ⓖh নিরব সংস্কৃতি

৪৩. গ্রামীণ সংস্কৃতিকে কয় ভাগে ভাগ করা যায়? (জ্ঞান)
ⓚ এক ● দুই ⓖ তিন ⓖh চার

৪৪. গ্রামীণ জীবন প্রধানত কীসের সাথে জড়িত? (জ্ঞান)
● কৃষি ⓚh শিল্প ⓖ ব্যবসা-বাণিজ্য ⓖh কলকারখানা

৪৫. করিমের একখন্ড জমি রয়েছে। সে ট্রাক্টর দিয়ে জমি চাষ করে ফসল ফলায়। তার এই পদ্ধতি কোন সংস্কৃতির প্রভাব? (প্রয়োগ)
ⓚ গ্রামীণ ● শহুরে ⓖ আকাশ ⓖh নদীভিত্তিক

৪৬. বর্তমানে কৃষকেরা জমিতে জলসেচ দেয় কী দিয়ে? (জ্ঞান)
ⓚ ট্রাক্টর ⓚh নিড়ানি ⓖ বালতি ● শ্যালো মেশিন

৪৭. কিছুকাল আগেও গ্রামের মানুষের জন্য কোন কথাটি প্রযোজ্য ছিল? (জ্ঞান)
● মাছে-ভাতে বাঙালি ⓚh শাকে-মাছে বাঙালি
ⓖ শাকে-ভাতে বাঙালি ⓖh নদী-নালায় বাঙালি

৪৮. আমাদের প্রধান আহার্য কী? (অনুধাবন)
ⓚ দুধভাত ● মাছ-ভাত ⓖ ডাল-ভাত ⓖh শাক-ভাত

৪৯. গ্রামীণ ছেলেদের প্রধান পোশাক কোনটি? (জ্ঞান)
ⓚ শার্ট ⓚh প্যান্ট ⓖ আলখেলরা ● লুঙ্গি

৫০. আমাদের দেশে গ্রামের ঘর কী দিয়ে তৈরি হয়? (অনুধাবন)
ⓚ ইট, বালু, সিমেন্ট ● বাঁশ, শন ও মাটি
ⓖ খড়, হোগলা ও মাটি ⓖh মাটি, সিমেন্ট ও রড

৫১. পূর্বে গ্রামের মানুষের বর্ষাকালে যাতায়াতের প্রধান বাহন কী ছিল? (জ্ঞান)
ⓚ অটোরিক্সা ⓚh গরবর গাড়ি
● নৌকা ⓖh সাইকেল

৫২. বাংলাদেশের জনসংখ্যার বেশির ভাগ কোন ধর্মাবলম্বী? (জ্ঞান)
● ইসলাম ⓚh বৌদ্ধ ⓖ খ্রিস্টান ⓖh হিন্দু

৫৩. বৈশাখী মেলা কোন মাসে উদযাপিত হয়? (অনুধাবন)
ⓚ হেমন্ত ● বৈশাখ ⓖ শরৎ ⓖh ফাল্গুন

৫৪. হিন্দুদের প্রধান ধর্মীয় উৎসব কী? (জ্ঞান)
● দুর্গাপূজা ⓚh কালীপূজা ⓖ লক্ষীপূজা ⓖh বড় দিন

৫৫. সকল ধর্মীয় উৎসবের মূল শিক্ষা কী? (উচ্চতর দক্ষতা)
ⓚ মানুষে মানুষে বিরোধ ⓚh মানুষকে নিপীড়ন
● মানুষে মানুষে সম্প্রীতি ⓖh মানুষে মানুষে হানাহানি

৫৬. শহুরে সংস্কৃতিকে কয় ভাগে ভাগ করা যায়? (জ্ঞান)
● দুই ⓚh তিন ⓖ চার ⓖh পাঁচ

৫৭. গ্রামীণ জীবনে সামাজিক বন্ধন কেমন? (জ্ঞান)
ⓚ ভঙ্গুর ⓚh নড়বড়ে ● অটুট ⓖh নিষ্ক্রিয়

৫৮. শহুরে সামাজিক জীবনের গন্ডি কেমন? (জ্ঞান)
● বেশ ছোট ⓚh অনেক বড় ⓖ বিশাল ⓖh বিস্তৃত

৫৯. কোথায় খোলা মাঠ পাওয়া কঠিন? (জ্ঞান)
ⓚ গ্রামে ● শহরে ⓖ বস্তিতে ⓖh বারান্দায়

৬০. কাদের পোশাক -পরিচ্ছদে জৌলুস রয়েছে? (জ্ঞান)
ⓚ গ্রামের মানুষের ⓚh জেলেদের
● শহরের মানুষের ⓖh মজুরের

৬১. শহরের মানুষের অন্যতম বিনোদন কোনটি? (অনুধাবন)
ⓚ বাউল গান ⓚh পালাগান ⓖ জারিগান ⓖh মঞ্চ নাটক

৬২. রক্তিম বিনোদনের জন্য সিনেমা হলে যায় এবং গাড়ি করে বাসায় ফিরে আসে। তার জীবনযাত্রা কোন সংস্কৃতির সাথে সম্পৃক্ত? (প্রয়োগ)
● শহুরে ⓚh গ্রামীণ ⓖ আকাশ ⓖh বিদেশি

৬৩. গ্রামীণ ও শহুরে সংস্কৃতিতে অন্যতম পরিবর্তন কোনটি? (উচ্চতর দক্ষতা)
ⓚ খেলাধুলা ● সম্প্রীতি ⓖ খাওয়া ⓖh পেশা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬৪. শহর বেড়ে গেলে বৃদ্ধি পায় – (অনুধাবন)
i. জনসংখ্যা ii. শিল্পকারখানা
iii. ভূমি
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

৬৫. কৃষি ছাড়াও বাঙালির প্রধান পেশা ছিল – (অনুধাবন)
i. মাছ ধরা ii. তাঁত বোনা
iii. মাটির কাজ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৬৬. মাছ ও মাছের ডিম নষ্ট হচ্ছে যে কারণে তা হলো– (অনুধাবন)
i. কীটনাশক ব্যবহারে ii. রাসায়নিক সার ব্যবহারে
iii. অতিরিক্ত বৃষ্টিতে
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

৬৭. গ্রামের মানুষের খাদ্য হলো – (অনুধাবন)
i. মাছ ii. ভাত
iii. শাকসবজি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৬৮. আমাদের দেশীয় পোশাকের অন্তর্ভুক্ত হলো – (অনুধাবন)
i. প্যান্ট ii. শাড়ি
iii. লুঙ্গি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii ● ii ও iii ⓖh i, ii ও iii

৬৯. গ্রামীণ বিনোদনের উল্লেখযোগ্য বিষয়গুলো হচ্ছে – (অনুধাবন)
i. রাতভর যাত্রা ii. পালাগান
iii. কবিগানের আসর

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৭০. **মুসলমানদের ধর্মীয় উৎসব হচ্ছে –** (অনুধাবন)

i. ঈদ ii. পূজা

iii. শবেবরাত

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৭১. **শহুরে মানুষের পেশা হচ্ছে –** (অনুধাবন)

i. চাকরি ii. শিল্প

iii. ডাক্তারি

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৭২. **শহরে জাঁকজমকের সাথে পালন করা হয় –** (অনুধাবন)

i. পহেলা বৈশাখ ii. পহেলা ফাল্গুন

iii. ঈদ উৎসব

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৩ ও ৭৪ নং প্রশ্নের উত্তর দাও :**

ফখরবল সাহেব ছুটির দিনে তার ছেলেকে নিয়ে পার্কে ঘুরতে যান। পরে তিনি পরিবারসহ অভিজাত সিনেমা হলে সিনেমা দেখতে যান। ফেরার পথে তিনি ও তার পরিবারসহ ফাস্টফুড খেয়ে বাসায় ফেরেন।

৭৩. **অনুচ্ছেদে কোন সংস্কৃতির প্রভাব লক্ষ করা যায়?** (প্রয়োগ)

ⓚ গ্রামীণ ⓧ আকাশ ● শহুরে ⓖ মিশ্র

৭৪. **অনুচ্ছেদে আলোচিত সংস্কৃতির অন্যতম বৈশিষ্ট্য হচ্ছে–** (উচ্চতর দৰতা)

i. শিল্পকারখানার আধিক্য ii. উন্নত অবকাঠামো

iii. পোশাক –পরিচ্ছদে জৌলুসতা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ-৪ : বাংলাদেশের লোকসংস্কৃতি ও এর বিভিন্ন উপাদান

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

৭৫. **যুগ যুগ ধরে মানুষ যে সংস্কৃতি লালন করে আসছে তাকে কী বলে?** (জ্ঞান)

● লোক সংস্কৃতি ⓧ আকাশ সংস্কৃতি

ⓖ শহুরে সংস্কৃতি ⓖ বিদেশি সংস্কৃতি

৭৬. **লোক সংস্কৃতির যাত্রা শুরু হয়েছে কোথা থেকে?** (জ্ঞান)

ⓚ শহুরে শিল্প থেকে ● গ্রামীণ কৃষিজীবী সমাজ হতে

ⓖ শহরের আড়ম্বরপূর্ণ জীবন হতে ⓖ কলকারখানা হতে

৭৭. **লোকসমাজে কোনটি থাকার বিষয়ে গভীর বিশ্বাস রয়েছে?** (জ্ঞান)

ⓚ পরী ⓧ জিন ● ভূত ⓖ অশুভশক্তি

৭৮. **কারা বিয়ের কনেকে হলুদ দিতে পারবে না?** (অনুধাবন)

● বিধবারা ⓧ সধবারা ⓖ মায়েরা ⓖ খালারা

৭৯. **নিচের কোনটি হিন্দু মহিলারা সন্তান কামনায় করে থাকে?** (প্রয়োগ)

ⓚ মাজারে মানত করে ● শিবমন্দিরে পূজা দেয়

ⓖ লবী পূজা করে ⓖ গঙ্গাস্নান করে

৮০. **বাচ্চার কপালে টিপ পরানো হয় কেন?** (অনুধাবন)

ⓚ শুভ দৃষ্টি এড়াতে ⓧ আশির্বাদ করতে

● অশুভ দৃষ্টি এড়াতে ⓖ দৃষ্টি এড়াতে

৮১. **বৃষ্টির আশায় গ্রামের মেয়েরা কী করে?** (জ্ঞান)

ⓚ পুকুর খনন করে ⓧ খাল খনন করে

ⓖ ধান শুকায় ● কুলায় পানি ঢেলে দেয়

৮২. **লোক সংস্কৃতির উপাদান কয়টি?** (জ্ঞান)

● দুইটি ⓧ তিনটি ⓖ চারটি ⓖ পাঁচটি

৮৩. **সংস্কৃতির কোন ধরনের উপাদান ধরা ও ছোঁয়া যায়?** (জ্ঞান)

ⓚ অবস্তুগত ● বস্তুগত ⓖ বাহ্যিক ⓖ অভ্যন্তরীণ

৮৪. **অবস্তুগত উপাদানের প্রধান বিষয় কোনটি?** (জ্ঞান)

ⓚ শিল্প ⓧ গান ● সাহিত্য ⓖ প্রবাদ–প্রবচন

৮৫. **আশিক মেলা থেকে মাটির তৈরি পুতুল ও তৈজসপত্র কিনে। আশিকের ক্রয়কৃত উপাদানসমূহ সংস্কৃতির কোন ধরনের উপাদান?** (প্রয়োগ)

● বস্তুগত ⓧ অবস্তুগত ⓖ শৈল্পিক ⓖ নিষ্ক্রিয়

৮৬. **জাহাঙ্গীর সুললিত কণ্ঠে গান করে সবাইকে মুগ্ধ করে। তার এই গান গাওয়ার প্রতিভা সংস্কৃতির কোন উপাদানের অন্তর্গত?** (উচ্চতর দৰতা)

● অবস্তুগত ⓧ সক্রিয় ⓖ বস্তুগত ⓖ নিষ্ক্রিয়

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

৮৭. **লোক সংস্কৃতির জন্ম হয় –** (অনুধাবন)

i. মানুষের মুখে মুখে ii. মানুষের চিন্তায়

iii. মানুষের কর্মে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৮৮. **লোকসমাজের বিশ্বাস মানুষ মরে গেলে–** (অনুধাবন)

i. আত্মা অমর হয় ii. আত্মা মরে যায়

iii. দুষ্ট আত্মা ভয় দেখায়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৮৯. **লোকসমাজে ভূত তাড়াতে প্রয়োগ করা হয়–** (অনুধাবন)

i. ঝাড়ফুঁক ii. হলুদ পোড়া

iii. মরিচ পোড়া

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৯০. **বস্তুগত উপাদানের উদাহরণ হলো–** (অনুধাবন)

i. তাঁত শিল্প ii. নৌকা

iii. নকশিকাঁথা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৯১. **অবস্তুগত উপাদানের উদাহরণ হলো–** (অনুধাবন)

i. প্রবাদ–প্রবচন ii. ধাঁধা

iii. লোককাহিনী

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯৩ ও ৯৪ নং প্রশ্নের উত্তর দাও :**
পূজার বিয়ে হয়েছে পাঁচ বছর হলো। দুই বছর আগে তার স্বামী মারা যায়। কিছুদিন আগে সে তার এক বান্ধবীর বিয়েতে গেলে কনের আত্মীয়স্বজন পূজাকে হলুদ লাগাতে দেয়নি।

**৯২. অনুচ্ছেদে কোন সংস্কৃতির ইঙ্গিত দেয়া হয়েছে?** (প্রয়োগ)
ক শহুরে সংস্কৃতি  খ আকাশ সংস্কৃতি
● লোক সংস্কৃতি  ঘ শৈল্পিক সংস্কৃতি

**৯৩. পূজার হলুদ না লাগাতে পারার কারণ হলো—** (উচ্চতর দক্ষতা)
i. পূঁজা বিধবা  ii. পূজার সন্তান নেই
iii. পূজা সধব বলে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**➲ পাঠ-৫ : বাংলাদেশের বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংস্কৃতি**

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯৪. বাংলাদেশে বসবাসকারী বেশিরভাগ মানুষ কী?** (জ্ঞান)
ক অস্ট্রিক  খ দ্রাবিড়  গ আর্য  ● বাঙালি

**৯৫. বাংলাদেশে বেশিরভাগ ক্ষুদ্র নৃগোষ্ঠী কোথায় বাস করে?** (অনুধাবন)
● পার্বত্য চট্টগ্রামে  খ সিলেটে
গ খুলনায়  ঘ ময়মনসিংহে

**৯৬. ক্ষুদ্র নৃগোষ্ঠীর মানুষ একসময় কীসের পূজা করত?** (জ্ঞান)
ক দেবদেবীর  খ পিঁপড়ার  ● প্রকৃতির  ঘ মূর্তির

**৯৭. চাকমা, মারমা ও রাখাইনরা কোন ধর্মের অনুসারি?** (জ্ঞান)
ক ইসলাম  ● বৌদ্ধ  গ খ্রিস্টান  ঘ সনাতন

**৯৮. রাধাকৃষ্ণের উদ্দেশ্যে নাচ করা কোন নৃগোষ্ঠীর সবচেয়ে প্রিয়?** (জ্ঞান)
ক রাখাইন  খ গারো  গ মারমা  ● মণিপুরি

**৯৯. মণিপুরিরা রাধাকৃষ্ণকে উদ্দেশ্য করে নাচে। তাদের এই নৃত্যেকে কী বলা হয়?**
ক ঝুঁমুর নাচ  ● গোপীনাচ  গ লাঠি নাচ  ঘ জলনাচ

**১০০. ওরাওঁরা কোন মাস থেকে বছর গণনা করে?** (জ্ঞান)
● ফাল্গুন  খ চৈত্র  গ বৈশাখ  ঘ জৈষ্ঠ্য

**১০১. নববর্ষকে বরণ করার জন্য ফাগুয়া উৎসব পালন করে কারা?**
● রাখাইনরা  খ গারোরা  ● ওরাওঁরা  ঘ চাকমারা

**১০২. ক্ষুদ্র নৃগোষ্ঠীর আনন্দ-উৎসবের অধিকাংশ কীসের সাথে সম্পৃক্ত?**
ক মাছ ধরার সাথে  খ ঘর বানানোর সাথে
গ পূজা-পার্বনের সাথে  ● ফসল উৎপাদনের সাথে

**১০৩. 'রাতে ঘর ঝাড়ু দিয়ে ময়লা বাইরে ফেলতে নেই'— কথাটি কারা বিশ্বাস করে?** (জ্ঞান)
ক মারমারা  ● গারোরা  গ চাকমারা  ঘ মণিপুরিরা

**১০৪. পার্থ তার সদ্য জন্ম নেয়া ছোট ভাইকে ধরতে গেলে তার মা-বাবা তাকে আগুনে হাত গরম করতে বলে। এই প্রথাটি কোন নৃগোষ্ঠী অনুসরণ করে?**(প্রয়োগ)
ক চাকমারা  খ মারমারা  গ মণিপুরিরা  ● খিয়াংরা

**১০৫. পাংখেয়রা কোন মাসে বিয়ে করা এবং প্রস্তাব দেয়া নিষিদ্ধ হিসেবে জানে**(জ্ঞান)
ক জুন  ● জুলাই  গ আগস্ট  ঘ সেপ্টেম্বর

**১০৬. মাহাতোরা বাংলা কোন মাসে বিয়ে করে না?** (জ্ঞান)
ক আশ্বিন  খ কার্তিক  ● অগ্রহায়ণ  ঘ পৌষ

**১০৭. কোন সমাজে সর্বকনিষ্ঠ কন্যা সমুদয় সম্পত্তির অধিকারী হয়?**(অনুধাবন)
● খাসিয়া ও গারো  খ চাকমা ও গারো
গ মারমা ও খাসিয়া  ঘ রাখাইন ও চাকমা

**১০৮. 'পিনোন' কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর পোশাক?** (জ্ঞান)
● চাকমা  খ মারমা  গ গারো  ঘ সাঁওতাল

**১০৯. দকমান্দা ও দকশাড়ি কোন নৃগোষ্ঠীর নারীদের ঐতিহ্যগত পোশাক?** (জ্ঞান)
ক চাকমা  খ রাখাইন  গ মণিপুরি  ● গারো

**১১০. মারমা নারীদের পোশাককে কী বলে?** (জ্ঞান)
ক পিনোন  খ দকমান্দা  ● থামি  ঘ দকশাড়ি

**১১১. টোটেম ক্ষুদ্র নৃগোষ্ঠীদের কীসের প্রতীক?** (জ্ঞান)
ক সম্মানের  খ সাহসের  গ শক্তির  ● গোত্রের

**১১২. 'নাখাম' শব্দের অর্থ কী?** (জ্ঞান)
● শুঁটকি মাছ  খ বড় মাছ  গ ছোট মাছ  ঘ লবণাক্ত মাছ

**১১৩. ভাদ্র মাসের ১৩ তারিখ শুধু পিঠা তৈরি ও খাওয়ার জন্য অনুষ্ঠান পালন করে কারা?** (জ্ঞান)
ক সাঁওতালরা  খ চাকমারা  ● ওরাওঁরা  ঘ গারোরা

**১১৪. নাপ্পি বা সিঁদোল কী?** (জ্ঞান)
● চিংড়ি মাছের শুঁটকি শুঁড়ো  খ লইট্যা মাছের শুঁটকি শুঁড়ো
গ ইলিশ মাছের শুঁটকি শুঁড়ো  ঘ পুঁটি মাছের শুঁটকি শুঁড়ো

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১১৫. পার্বত্য চট্টগ্রামে বসবাসকারী ক্ষুদ্র নৃগোষ্ঠী হলো —** (অনুধাবন)
i. চাকমা  ii. মারমা
iii. ত্রিপুরা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**১১৬. রাখাইন সম্প্রদায়ের মানুষ বাস করে —** (অনুধাবন)
i. কক্সবাজার  ii. পটুয়াখালি
iii. ময়মনসিংহ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**১১৭. বৃহত্তর ময়মনসিংহে বসবাসকারী ক্ষুদ্র নৃগোষ্ঠী গুলো হলো —** (অনুধাবন)
i. রাখাইন  ii. গারো
iii. হাজং
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  ● ii ও iii  ঘ i, ii ও iii

**১১৮. খ্রিস্টান ধর্মের অনুসারী ক্ষুদ্র নৃগোষ্ঠী হলো —** (অনুধাবন)
i. গারো  ii. সাঁওতাল
iii. ওরাওঁ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**১১৯. 'বৈসাবি' যেসব উৎসবের সমন্বয়—** (অনুধাবন)
i. বৈশাখী  ii. সাংগ্রাই

iii. জলকেলি

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓦ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**১২০. মাতৃসূত্রীয় সমাজের উদাহরণ হলো–** (অনুধাবন)

i. চাকমা ii. খাসিয়া

iii. গারো

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓦ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

**১২১. ওরাওঁ মেয়েদের ব্যবহৃত অলংকার হলো –** (অনুধাবন)

i. কানখুলি ii. নলোক

iii. হাসলি

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓦ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১২৩ ও ১২৪ নং প্রশ্নের উত্তর দাও :**

মুনতাসির তার বাবার সাথে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বেড়াতে যায়। সেখানকার প্রাকৃতিক সৌন্দর্য ও নৃগোষ্ঠীর জীবনাচরণ তাকে মুগ্ধ করে। এছাড়াও সেখানকার নৃগোষ্ঠীর জনগণ তিনটি উৎসবকে সমন্বয় করে একটি উৎসব পালন করে।

**১২২. অনুচ্ছেদে উল্লিখিত উৎসবটির নাম কী?** (প্রয়োগ)

ⓚ গোপী নাচ ⓦ হোলি উৎসব

ⓖ ফাগুয়া ● বৈসাবি

**১২৩. উক্ত উৎসব ছাড়াও নৃগোষ্ঠীরা আরো যেসব উৎসব পালন করে–** (উচ্চতর দক্ষতা)

i. হোলি উৎসব ii. ফাগুয়া

iii. সোহরাই

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓦ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii